BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

**অতীব জরুরী**

Ref:
বিজিএ/কাস/২০২২/৩৬

তাং ০৫/০৩/২০২২ইং

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারি নেয়া প্রসংঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর সূত্রে জানা যায় সম্প্রতি কন্টেইনার ডেলিভারিতে অত্যন্ত ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। কোন কোন আমদানীকারকগণ তাদের আমদানীকৃত কন্টেইনার ২১ দিন বা তারও অধিক কাল ছাড় না নিয়ে বন্দর অভ্যন্তরে সংরক্ষন করছেন। এতে বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম অবিঘ্নিত রেখে দেশের সকল আমদানী-রপ্তানী কারকগণকে নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষে অনতিবিলম্বে বন্দরে স্থিত আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারি নেওয়ার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সকলকে অনুরোধ জানিয়েছে। অন্যথায় আমদানীকারক কর্তৃক অখলাসকৃত/বন্দরে স্থিত এফসিএল কন্টেইনারের ক্ষেত্রে Regulations for working of Chittagong Port (Cargo And Container), 2001 এর ১৬০ ধারার আলোকে Common Landing Date এর পর ২১ দিন হতে প্রযোজ্য Slab এর স্বাভাবিক ভাড়ার উপর ৪ (চার) গুন হারে স্টোররেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে। পরিস্থিতির উন্নতি না হলে তা আগামী ১৫/০৩/২০২২ইং তারিখ হতে কার্যকর হবে।

এ সংক্রান্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের স্মারক নং- ০৩/২০২২ তারিখ- ০২/০৩/২০২২ইং আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

চট্টগ্রম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে পোশাক শিল্পের আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ দ্রুত ডেলিভারির পদক্ষেপ গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

০৫/০৩/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (পরিবহন) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২২ তারিখ -০২/০৩/২০২২ইং

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারি প্রসঙ্গে।

এতদ্বারা সকল আমদানীকারক, সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি চট্টগ্রাম বন্দর হতে কন্টেইনার ডেলিভারিতে অত্যন্ত ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। কোন কোন আমদানীকারকগণ তাদের আমদানীকৃত কন্টেইনার ২১দিন বা তারও অধিক কাল ছাড় না নিয়ে বন্দর অভ্যন্তরে সংরক্ষণ করছেন। এতে বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন ঘটছে। বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম অবিঘ্নিত রেখে দেশের সকল আমদানী-রপ্তানী কারকগণকে নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে অনতিবিলম্বে বন্দরে স্থিত আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারি নেওয়ার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় আমদানীকারক কর্তৃক অখালাসকৃত/বন্দরে স্থিত এফসিএল কন্টেইনারের ক্ষেত্রে **Regulations for Working of Chittagong Port (Cargo And Container), 2001**এর ১৬০ ধারার আলোকে **Common Landing Date** এর পর ২১তম দিন হতে প্রযোজ্য **Slab** এর স্বাভাবিক ভাড়ার উপর ৪ (চার) গুন হারে স্টোররেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে। পরিস্থিতির উন্নতি না হলে তা আগামী ১৫/০৩/২০২২ইং তারিখ হতে কার্যকর হবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

২/০৩/২২
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/ ১৬ (২য় খন্ড) প-লুজ/ ৪৭০ তারিখ -০২/০৩/২০২২ইং।

অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। পি এস টু সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
০২। কমিশনার অব কাষ্টমস, কাষ্টম হাউস, চট্টগ্রাম।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সদস্য (প্রশাঃ ও পরিঃ), চবক; সদস্য (অর্থ), চবক; সদস্য (প্রকৌশল), চবক; সদস্য ( হাঃ ও মেঃ), চবক।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বা/এ, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক/বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
০৭। সিস্টেম এনালিস্ট, চবক।
০৮। টার্মিনাল ম্যানেজার, চবক।
০৯। সকল ট্রাফিক ইন্সপেক্টর, সকল ইউনিট ওয়ান ষ্টপ সার্ভিস সেন্টার, এম শেড/চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১০। ম্যানেজার, সোনালী ব্যাংক ও জনতা ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।
১১। প্রেসিডেন্ট, ফেডারেশন অব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ফেডারেশন ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
১৩। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ, বা/এ, চট্টগ্রাম।
১৪। প্রেসিডেন্ট, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, আল সালাম টাওয়ার, আগ্রাবদ বা/এ, চট্টগ্রাম।
১৫। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাষ্টম ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোঃ, সিএন্ডএফ টাওয়ার, (১২ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৬। প্রেসিডেন্ট, বারভিডা, ৪০/১ডি, ইনার সার্কুলার রোড, কাকরাইল, ঢাকা এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।
১৭। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
১৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোঃ, চেম্বার হাউস (৩য় তলা), শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।